মোঃ শফিকুর রহমান
সিস্টেমস্ ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**তাগিদপত্র**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০৩.০০১.২০১৬/১১৬(২৫)                তারিখঃ ১২/১২/২০১৯ খ্রিঃ।

**বিষয়: শ্রেণিবিন্যাস সম্পর্কিত সিদ্ধান্ত ও পর্যালোচনার সংকলন বিষয়ে তথ্য সংগ্রহ।**

**সূত্র:** জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৫৪.০৩.০০১.২০১৬/৯২, তারিখ: ২০/১১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পণ্যের শ্রেণিবিন্যাস সংক্রান্ত সিদ্ধান্ত ও রুলিংসমূহ সংকলনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত সংকলনে বিভিন্ন কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসহ বিভিন্ন কাস্টমস: দপ্তরের শুল্কায়নে পণ্যের বিরোধপূর্ণ শ্রেণিবিন্যাসের মীমাংসা সম্পর্কিত আদেশ, এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত ও সমজাতীয় পর্যালোচনাসমূহ অন্তর্ভুক্ত হবে। এ লক্ষ্যে সকল কাস্টম হাউস, কাস্টমস: স্টেশন ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরে পণ্যের শ্রেণিবিন্যাস সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা অতীব জরুরী। বিধায়, তাঁর দপ্তর কর্তৃক প্রদত্ত পণ্যের শ্রেণিবিন্যাস সংক্রান্ত আদেশ/সিদ্ধান্ত সমজাতীয় পর্যালোচনাসমূহ নির্ধারিত ফরম্যাটে বিগত ১ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ এর মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি পাওয়া যায়নি।

এমতাবস্থায়, সূত্রের পত্রের চাহিদার আলোকে প্রয়োজনীয় তথ্যের হার্ড কপি ও সফট কপি আগামী ১৭ ডিসেম্বর, ২০১৯ তারিখের পূর্বে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে পুনরায় অনুরোধ করা হলো।

১২/১২/১৯

(মোঃ জাহাঙ্গীর আলম)
দ্বিতীয় সচিব (কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং)
email: nbrclassification@gmail.com

**প্রাপক:**

১-৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি (কমলাপুর)/বেনাপোল/মোংলা/পানগাঁও/পায়রা।
৮-১৭। কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ রাজশাহী/রংপুর/খুলনা/যশোর/ কাস্টমস: মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
১৮-১৯। মহাপরিচালক, কাস্টমস: গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ সেন্ট্রাল ইন্টিলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২০। দ্বিতীয় সচিব, (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

**অনুলিপি: (সদয় অবগতির জন্য):**

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২-৩। মহাপরিচালক, কাস্টমস: রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৪। পি এ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য আপনাকে অনুরোধ করা হলো)।